# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৮১

৩. ইলম বা বিদ্যা (كتاب العلم)

পরিচ্ছেদঃ ১) ইলম (বিদ্যা), উহা অনুসন্ধান, শিক্ষা করা ও শিক্ষা দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ। ওলামা এবং ছাত্রদের ফযিলতের ব্যাপারে যা এসেছে তার বর্ণনা।

## الترغيب في العلم وطلبه وتعلمه وتعليمه وما جاء في فضل العلماء والمتعلمين

আরবী

(حسن لغيره) وَعَنْ أَبِيْ أُمَامَةَ الْبَاهِلِيِّ قَالَ ذُكِرَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلَانِ أَحَدُهُمَا عَابِدٌ وَالْآخَرُ عَالِمٌ فَقَالَ عليه أفضل الصلاة والسلام فَضْلُ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَضْلِي عَلَى أَدْنَاكُمْ ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ وَأَهْلَ السَّمَوَاتِ وَالْأَرَضِينَ حَتَّى النَّمْلَةَ فِي جُحْرِهَا وَحَتَّى الْحُوتَ لَيُصَلُّونَ عَلَى مُعَلِّمِ النَّاسِ الْخَيْرَ. رواه الترمذي وقال حديث حسن صحيح

বাংলা

৮১. (হাসান লি গাইরিহী) আবু উমামা বাহেলী (রাঃ) বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট দু’ব্যাক্তির কথা উল্লেখ করা হল, একজন আবেদ (সাধারণ ইবাদত গুজার) অন্যজন আলেম (ইসলামী জ্ঞানে পারদর্শী) তিনি বললেন (তাঁর উপর সর্বোত্তম রহমত ও সালাম নাযিল হোক)

”আবেদের উপর আলেমের মর্যাদা ঠিক তেমন, যেমন তোমাদের সাধারণ ব্যাক্তির উপর আমার মর্যাদা।”

অতঃপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

”নিশ্চয় আল্লাহ[1], ফেরেশতাকুল, আসমান সমূহ ও যমীনের অধিবাসীগণ এমনকি পিপিলিকা তার গর্ত থেকে- এমনকি পানির মাছও মানুষকে কল্যাণের শিক্ষাদানকারীর জন্য দু’আ করতে থাকে।”

(হাদীছটি বর্ণনা করেছেন তিরমিযী ২৬৮৫, তিনি বলেন, হাদীছটি হাসান সহীহ্)

ফুটনোট

[1] . আল্লাহ দু’আ করেন অর্থ রহমত নাযিল করেন। ফেরেশতাদের দু’আর অর্থ হল ইস্তেগফার বা ক্ষমা প্রার্থনা করা

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন